# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩১৩

১/ বিবিধ

আরবী

كان خطيئة داود عليه السلام النظر
موضوع

رواه الديلمي بسنده عن مجالد بن سعيد عن الشعبي عن الحسن عن سمرة قال: قدم على النبي صلى الله عليه وسلم وفد عبد القيس، وفيهم غلام ظاهر الوضاءة، فأجلسه النبي صلى الله عليه وسلم خلف ظهره وقال: فذكره
قال ابن الصلاح في " مشكل الوسيط ": لا أصل لهذا الحديث وقال الزركشي في " تخريج أحاديث الشرح هذا حديث منكر، فيه ضعفاء، ومجاهيل، وانقطاع، قال: وقد استدل على بطلانه بقوله صلى الله عليه وسلم: " إني أراكم من وراء ظهري "، كذا في " ذيل الأحاديث الموضوعة " للسيوطي (ص 122 - 123) و" تنزيه الشريعة " لابن عراق (1 / 308 - 2)
قلت: والاستدلال المذكور فيه نظر، لأن رؤية النبي صلى الله عليه وسلم من خلفه إنما هي في حالة الصلاة كما تدل عليه الأحاديث الواردة في الباب، وليس هناك ما يدل على أنها مطلقة في الصلاة وخارجها، فتأمل
وللحديث طريق أخرى رواه أبو نعيم في " نسخة أحمد بن نبيط " وهي موضوعة كما سيأتي (برقم 562)، ولعل الحديث أصله من الإسرائيليات التي كان يرويها بعض أهل الكتاب، تلقاها عنه بعض المسلمين، فوهم بعض الرواة فرفعه إلى النبي صلى الله عليه وسلم، فقد رأيت الحديث في " كتاب الورع " لابن أبي الدنيا (2 / 162) موقوفا

على ابن جبير، فقال: أخبرنا محمد بن حسان السمتي عن خلف بن خليفة عن أبي هاشم عن سعيد بن جبير قال: كان فتنة داود عليه السلام في النظر
وهذا الإسناد فيه ضعف وهو مع ذلك أولى من المرفوع
وقصة افتتان داود عليه السلام بنظره إلى امرأة الجندي أو ريا مشهورة مبثوثة في كتب قصص الأنبياء وبعض كتب التفسير، ولا يشك مسلم عاقل في بطلانها لما فيها من نسبة ما لا يليق بمقام الأنبياء عليهم الصلاة والسلام مثل محاولته تعريض زوجها للقتل، ليتزوجها من بعده! وقد رويت هذه القصة مختصرة عن النبي صلى الله عليه وسلم فوجب ذكرها والتحذير منها وبيان بطلانها وهي (الأتي)

বাংলা

৩১৩। দাঊদ (আঃ) এর দৃষ্টিতে ত্রুটি ছিল।

হাদীসটি জাল।

এটি দাইলামী তার সনদে মুজালিদ ইবনু সাঈদ হতে বর্ণনা করেছেন। ইবনুস সালাহ “মুশকিলুল ওয়াসীত” গ্রন্থে বলেছেনঃ এ হাদীসটির কোন ভিত্তি নেই।

যারাকশী “তাখরীজু আহাদীসিশ শারহ” নামক গ্রন্থে বলেছেনঃ এ হাদীসটি মুনকার। তাতে দুর্বল ও মাজহুল বর্ণনাকারী রয়েছেন এবং সনদে বিচ্ছিন্নতা রয়েছে।

সুয়ূতীর “যায়লুল আহাদীসিল মাওযূআহ” গ্রন্থে (পৃঃ ১২২-১২৩) এবং ইবনু আররাকের “তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে (৩০৮/১-২) অনুরূপ কথাই এসেছে।

অন্য একটি সূত্রে হাদীসটি বর্ণিত হয়েছে, যেটি আবু নু’য়াইম বর্ণনা করেছেন। সেটিও বানোয়াট। তার আলোচনা ৫৬২ নং হাদীসে আসবে। সম্ভবত এ হাদীসটির আসল ইসরাইলীদের বর্ণনা হতে এসেছে, কোন আহলে কিতাব বর্ণনা করেছে। অতঃপর কোন মুসলিম বর্ণনাকারী সেটি পেয়ে ধারণা বশত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত মারফু হিসাবে চালিয়ে দিয়েছেন। এক নারীর দিকে দৃষ্টি দান সম্পর্কে একটি বানোয়াট ও বাতিল কিসসা দাউদ (আঃ)-কে কেন্দ্র করে বর্ণিত হয়েছে। কোন মুসলিম ব্যক্তিই সেটি বাতিল হওয়ার ব্যাপারে সন্দেহ পোষণ করতে পারেন না। এখানে সেটি বর্ণনা করা সঙ্গত মনে করছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5572

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন